

# সাইন্টিফিক রিপোর্ট রাইটিং বিষয়ক কর্মশালা

তারিখঃ ০৯/১১/২০২০

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর তত্ত্বাবধানে চার দিন ব্যাপী জুনিয়র শিক্ষকদের নিয়ে সাইন্টিফিক রিপোর্ট রাইটিং বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়।

ডিসেম্বরের ২,৩,৬ এবং ৯ তারিখ সকাল সাড়ে ১০ ঘটিকা থেকে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর সেমিনার কক্ষে করোনা কালীন সময়ে স্বাস্থ্যবিধি অনুসরণ করে কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মোঃ আশরাফুল আলমের সভাপতিত্বে কর্মশালাটিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাবির উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ এবং সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল ইসলাম। কর্মশালাটিতে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন শাবির আইপিই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ মুহসিন আজিজ খান, অর্থনীতি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ আব্দুল মুনিম জোয়ারদার, রসায়ন বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ মিজানুর রহমান খান এবং বিএমবি বিভাগের প্রধান জনাব ড. শামিম আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে শাবির উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, ভাল বীজ থেকে যেমন ভাল ফল হয় তেমনি ভাল শিক্ষক থেকে ভালো ছাত্র হয়। তাই শিক্ষক নিয়োগের ক্ষেত্রে আমরা কোন আপস করিনি। আমাদের শিক্ষকদের আমরা এমনভাবে তৈরি করতে চাই যেন তাদের নিজস্ব স্বকীয়তা থাকে। শিক্ষার সাথে সাথে গবেষণার বিকল্প কিছু নেই। তাই শিক্ষকদের গবেষণার জায়গা যেন শক্ত থাকে।

বিশ্ববিদ্যালয়ে অনেক ভাল কাজ হওয়ার পরেও রেঙ্কিং এ আমরা অনেক পিছিয়ে যাচ্ছি। তাই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট সবসময় আপডেট রাখতে হবে। কারণ ওয়েবসাইট হচ্ছে বিশ্ববিদ্যালয়ের প্রতিচ্ছবি।

বিশ্ববিদ্যালয়ের বর্তমানে অনেক বড় কাজ হচ্ছে শিক্ষক, ছাত্রছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা আরো বেশি বৃদ্ধি করা। সেই জন্য ট্রেনিং এর কোন বিকল্প নেই। তাই দক্ষতা বাড়াতে আমাদের যেই বিষয়ে ট্রেনিং লাগবে সেই বিষয়েই ট্রেনিং করানো হবে।